# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১

**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 58617908, 9615576

নং ৫৭.১৬.০০০০.০০৬.৩৩.০০১.২০-৯৬৫ তারিখ: ০৪/০১/২০২৪খ্রি.

## জরুরি বিজ্ঞপ্তি

**বিষয়ঃ ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে আলিম (পরীক্ষা-২০২৫) শ্রেণিতে রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীদের অনলাইনে বিভাগ/বিষয়/ছবি সংশোধন প্রসঙ্গে**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের আওতাধীন অনুমতিপ্রাপ্ত/স্বীকৃতিপ্রাপ্ত আলিম পর্যায়ের মাদ্রাসাসমূহের প্রধান এবং সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর আওতাধীন ২০২৩-২৪ শিক্ষাবর্ষের আলিম (পরীক্ষা-২০২৫) শ্রেণিতে শিক্ষার্থী ভর্তি ও রেজিস্ট্রেশন সংক্রান্ত সকল কার্যক্রম বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (BUET) এর মাধ্যমে অনলাইনে সম্পন্ন করা হয়েছে। আলিম শ্রেণিতে রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীদের বিভাগ/বিষয়/ছবি সংশোধন প্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে অনলাইনে নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করে আগামী ০৮/০১/২০২৪খ্রি. থেকে ৩১/০১/২০২৪খ্রি. পর্যন্ত সংশোধন করা যাবে:

১. শিক্ষার্থীকে বিভাগ/বিষয়/ছবি সংশোধন বা পরিবর্তনের জন্য সংশ্লিষ্ট মাদ্রাসা প্রধান বরাবর সাদা কাগজে আবেদন লিখে জমা দিতে হবে। ভবিষ্যৎ প্রয়োজনে মাদ্রাসা প্রধান শিক্ষার্থীর আবেদন সংরক্ষণ করবেন;
২. মাদ্রাসা প্রধান আবেদনের তথ্যাদি নিবন্ধিত বিভাগ/বিষয়/ছবি যাচাই করে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের ওয়েবসাইট www. bmeb.gov.bd হতে প্রতিষ্ঠানের EIIN ও Password ব্যবহার করে সংযুক্ত নির্দেশিকা অনুসরণপূর্বক শিক্ষার্থীর আবেদন সাবমিটের পর ফি পরিশোধ প্রক্রিয়া সম্পন্ন করতে হবে;
৩. শিক্ষার্থীর বিভাগ/বিষয়/ছবি সংশোধনের আবেদন সাবমিটের পর ফি পরিশোধ না করা পর্যন্ত সংশোধন কার্যকর হবে না। বোর্ড ফি পরিশোধের ৭২ ঘণ্টার মধ্যে eSIF এ স্বয়ংক্রিয়ভাবে তথ্য সংশোধন হয়ে যাবে;
**৪. কোন অবস্থাতেই নতুন কোন শিক্ষার্থীকে Entry বা রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীকে Delete করা যাবে না;**
৫. বিভাগ পরিবর্তনের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে উক্ত বিভাগ খোলার অনুমতি আছে কিনা তা নিশ্চিত হয়ে সংশোধনের জন্য আবেদন করতে হবে। উল্লেখ্য, যে সকল শিক্ষার্থী সাধারণ বিভাগ থেকে দাখিল পাশ করেছে, তারা বিজ্ঞান বিভাগের জন্য আবেদন করতে পারবে না;
**৬. উল্লেখিত কার্যক্রম সম্পাদনের নিমিত্ত সকল প্রতিষ্ঠানের লক খুলে দেয়া হবে বিধায় বর্ণিত সময়ের মধ্যে সবাইকে ফাইনাল সাবমিট করতে হবে;**
৭. বিভাগ/বিষয়/ছবি সংশোধন সংক্রান্ত বিষয়ে ভুল তথ্য প্রদানে পরবর্তীতে কোন জটিলতা সৃষ্টি হলে তার দায়-দায়িত্ব সশ্লিষ্ট মাদ্রাসা প্রধানকে বহন করতে হবে।

সংযুক্তি: ব্যবহার নির্দেশিকা-০৪ পাতা

০৪.০১.২০২৪

**প্রফেসর মোঃ সিদ্দিকুর রহমান**
চেয়ারম্যান (ভারপ্রাপ্ত)
ও
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোন: ০২-৯৬১২৮৫৮


০৪/০১/২৪

**অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি বিতরণ:**


১. পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
২. প্রকাশনা নিয়ন্ত্রক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৩. সিনিয়র সিস্টেট এনালিস্ট (চ.দা.), বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৪. প্রোগ্রামার, আইসিটি সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৫. হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৬. সহকারী পরিদর্শক, ময়মনসিংহ/চট্টগ্রাম/কুমিল্লা/সিলেট/রাজশাহী/রংপুর/খুলনা ও বরিশাল অঞ্চল;
৭. পি ও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য);
৮. পি এ টু পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (পরীক্ষা নিয়ন্ত্রক মহোদয়ের সদয় অবগতির জন্য);
৯. অফিস কপি।

## অনলাইনে রেজিস্ট্রেশনের তথ্য সংশোধনের ব্যবহার নির্দেশিকা নিম্নরূপঃ


প্রথমে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের ওয়েবসাইট **www.bmeb.gov.bd** এ প্রবেশের পর নিচের Screen পাওয়া যাবে;




অনলাইন সেবা-২ এর e-SIF/eFF প্রবেশ করে নিচের Screen পাওয়া যাবে;



উপরের লাল চিহ্নিত ঘরগুলো (**Select Examination→Selecty Type→Examination Year**) সিলেক্ট করে Continue বাটনে ক্লিক করলে নিচের Screen পাওয়া যাবে





উপরের Screen এ প্রতিষ্ঠানের ৬ সংখ্যার **EIIN No.** ও এন্ট্রি পাসওয়ার্ড সঠিক ভাবে প্রদান করে লগইন বাটনে ক্লিক করলে নিচের **Screen** পাওয়া যাবে;





উপরোক্ত Screen এ সংশ্লিষ্ট মাদ্রাসার রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীদের তথ্য প্রদর্শিত হবে। শিক্ষার্থীর বিভাগ/বিষয়/ছবি পরিবর্তনের জন্য বামপার্শ্বের এডিট বাটনে ক্লিক করলে নিচের Screen পাওয়া যাবে;

(ছবি পরিবর্তনের নমুনা চিত্র)





উপরোক্ত Screen এ শিক্ষার্থীর ছবি পরিবর্তনের জন্য ডানপার্শ্বের ছবির উপরের Choose File ক্লিক করে ছবি পরিবর্তন করা যাবে। এছাড়া গ্রুপ/বিষয় পরিবর্তনের জন্য Group অপশনে ক্লিক করলে নিচের Screen পাওয়া যাবে;

(বিভাগ/বিষয় পরিবর্তনের নমুনা চিত্র)




উপরের Screen এ দুটি অংশ থাকবে। বাম পার্শ্বের অংশ রেজিস্ট্রেশনে বর্তমানে যে রূপ আছে তা স্বয়ংক্রীয়ভাবে পূরণ দেখাবে ও ডান পার্শ্বের Additional ও Optional Subject সিলেক্ট করে বিষয় পরিবর্তন/সংযোজন করা যাবে। Submit Application বাটনে ক্লিক করে আবেদনটি সাবমিট করলে নিচের Screen পাওয়া যাবে;




Registration Correction Application

| | |
|---|---|
| Application Date | 2023-05-08 16:00:42 |
| Application ID | 3972323000110 |
| Student Name | ABUL KALAM |
| Father's Name | ABDUL MOZID |
| Mother's Name | KHADIZA BEGUM |
| Institute | 000000 - Test Institute |
| Payment | Tk () |

যা পরিবর্তন হবে

| # | বর্তমানে যে রূপ আছে | যে রূপ হবে |
|---|---|---|
| Group | General | Science |
| Subjects | 201, 202, 203, 204, 205, 206, 209, 210, 236, 237, 238, 239, 240, 241, 242 | 201, 202, 203, 223, 236, 237, 238, 239, 240, 224, 225, 226, 227, 230, 231, 228, 229 |

উপরের Screen-এর Print Application-বাটনে ক্লিক করে আবেদনটি প্রিন্ট করা যাবে। পেমেন্ট অপশনে ক্লিক করলে পরিবর্তিত বিভাগ/বিষয়/ছবি পরিবর্তনের বোর্ড ফি পরিশোধের জন্য নিচের Screen পাওয়া যাবে ও পেমেন্ট সংক্রান্ত পরবর্তী ধাপ অনুসরণ করে পেমেন্ট সম্পন্ন করতে হবে।



পেমেন্ট করুন

| | |
|---|---|
| Name | AFIFA |
| E-mail | NA |
| Mobile Number | NA |
| Transaction ID | wV5yY2VgX4E2 |
| Transaction Amount | 200 |



<u>আবেদন সাবমিটের পর পেমেন্ট ও প্রিন্ট করতে ব্যর্থ হলে করণীয়ঃ</u>


# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১

**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 58617908, 9615576


বামপাশের মেন্যুবার থেকে **Registration Correction→All Application** মেন্যুতে ক্লিক করে সংশ্লিষ্ট মাদ্রাসার নিবন্ধন সংশোধনের সকল আবেদন দেখতে পারবে এবং সেখান থেকে **Application Print** ও **Payment** করতে পারবে (যদি পূর্বে না করে থাকে) এবং **Payment Status** ও **Application Status** দেখতে পারবে। পরবর্তীতে এই প্যানেলে লগিন করতে নিচের **URL** এ ব্রাউজ করতে হবে।

**efiling.ebmeb.gov.bd/index.php/institute**




*বি:দ্র: ফি পরিশোধ না করা পর্যন্ত আবেদন কার্যকর হবে না। আবেদন সাবমিটের পর বোর্ড ফি পরিশোধের ৭২ ঘন্টার মধ্যে **eSIF**-এ স্বয়ংক্রীয়ভাবে তথ্য সংশোধন হয়ে যাবে।*

-সমাপ্ত-